

দেশের ৩৭টি সরকারি মেডিক্যাল কলেজে ২০২১-২২ শিক্ষাবর্ষে এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। গতকাল রাবিবার থেকে শুরু হয়ে এ কার্যক্রম চলবে আগামী ১৮ মে পর্যন্ত। এ বছর সরকারি মেডিক্যাল কলেজের আসন সংখ্যা ৪ হাজার ৩৫০টি। এর মধ্যে মেধা কোটায় ৩ হাজার ৮৪ জন, জেলা কোটায় ৮৪৬ জন, মুক্তিযোদ্ধা কোটায় ৮৭ জন, উপজাতী কোটায় ৩৩ জন নির্বাচিত হয়েছেন।

এর আগে গত ১ এপ্রিল সকালে সারাদেশে একযোগে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে দেশের ১৯টি কেন্দ্রের ৫৭টি ভেন্যুতে পরীক্ষায় অংশ নেন ১ লাখ ৩৯ হাজার ৭৪২ শিক্ষার্থী ও আবেদন করেন ১ লাখ ৪৩ হাজার ৯১৫ জন শিক্ষার্থী। যা মেডিক্যাল ভর্তি পরীক্ষার ইতিহাসে সর্বাধিক। প্রতি আসনের বিপরীতে ৩৩ দশমিক ০৮ শতাংশ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন।

গত ৫ এপ্রিল পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এতে পাস করেছেন ৭৯ হাজার ৩৩৭ জন। পাসের হার ছিল ৫৫ দশমিক ১৩ শতাংশ। সরকারি মেডিক্যাল কলেজের ভর্তি কার্যক্রম শেষে দেশের

৭২টি বেসরকারি মেডিক্যাল কলেজের ৬ হাজার ৩৮৯টি আসনের জন্য ভর্তির নির্দেশনা প্রদান করা হবে বলে জানিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।